

# গুচ্ছের ১৯ বিশ্ববিদ্যালয়ে তৃতীয় ধাপের ভর্তি শুরু

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

গুচ্ছভুক্ত ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি কার্যক্রমের তৃতীয় ধাপের প্রাথমিক ভর্তি আবেদন শুরু হয়েছে। আজ মঙ্গলবার (৮ জুলাই) শুরু হওয়া আবেদন চলবে আগামী ১০ জুলাই পর্যন্ত। প্রাথমিক ভর্তি ফি ৫ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইন ফি দিয়ে এবং মূল কাগজপত্র জমা না দিলে প্রাথমিক ভর্তি বাতিল বলে বিবেচিত হবে।

এমনকি ভবিষ্যতে গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি কিংবা কোটাভিত্তিক সুযোগ থেকেও বঞ্চিত হতে হবে। প্রাথমিক ভর্তি ফি অনলাইনে ৮ জুলাই দুপুর ১২টা থেকে ৯ জুলাই রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত জমা দেওয়া যাবে। এসএসসি ও এইচএসসি বা

সমমান পরীক্ষার মূল নম্বরপত্র গুচ্ছভুক্ত যেকোনো একটি

বিশ্ববিদ্যালয়ে ৯ জুলাই সকাল ১০টা থেকে ১০ জুলাই বিকেল

৩টা পর্যন্ত জমা দিতে হবে।

প্রাথমিক ভর্তি ফি ৫ হাজার টাকা অনলাইনে পরিশোধের পরও

নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দেওয়ার মাধ্যমে

প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল হয়ে যাবে।

পরবর্তী সময়ে গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে এমনকি কোটায়

ভর্তির জন্যও বিবেচিত হবেন না। প্রাথমিক ভর্তি বাতিল করতে

চাইলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে আবেদনকারীকে সশরীরে উপস্থিত

হয়ে তা সম্পন্ন করতে হবে।

প্রাথমিক ভর্তি প্রক্রিয়া চলাকালে কোনো একটি বিশ্ববিদ্যালয়ের

নির্দিষ্ট বিভাগে ভর্তি থাকা অবস্থায় স্টপ অল মাইগ্রেশন করলে,

সেই বিভাগ ছাড়া অন্য কোনো বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগে

মাইগ্রেশনের সুযোগ থাকবে না। অন্যদিকে স্টপ ইউনিভার্সিটি

মাইগ্রেশন করলে বর্তমানে ভর্তি হওয়া বিশ্ববিদ্যালয়ে পছন্দক্রমের

বিভাগগুলো ছাড়া অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত

হবেন না।

ভর্তি পদ্ধতি-সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি

সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ ওয়েবসাইটে পাওয়া যাবে।